

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ৫, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-১ শাখা
প্রজ্ঞাপন

তারিখ, ১০ মার্চ ২০১৫ খ্রিঃ

নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.০৭৭.২০১০-২৮৭—যেহেতু, জনাব মোঃ নাজমুল হক, ভাইস চেয়ারম্যান, চারঘাট উপজেলা পরিষদ-এর বিরুদ্ধে চারঘাট মডেল থানার মামলা নং-১১, তারিখ: ১১-১২-২০১২ খ্রিঃ, চারঘাট থানার মামলা নং-০১, তারিখ: ০১-০৩-২০১৪ খ্রিঃ ও চারঘাট মডেল থানার মামলা নং-১৭, তারিখ: ২৪-০৪-২০১৩ খ্রিঃ মামলায় বিজ্ঞ আদালত কর্তৃক অভিযোগপত্র গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব মোঃ নাজমুল হক, ভাইস চেয়ারম্যান, চারঘাট উপজেলা পরিষদ, রাজশাহী-এর বিরুদ্ধে অভিযোগপত্র গৃহীত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ধারা ১৩(খ)(১) অনুসারে রাজশাহী জেলার চারঘাট উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান জনাব মোঃ নাজমুল হককে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. জুলিয়া মঈন

সিনিয়র সহকারী সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(২৩৩৭)

মূল্য : টাকা ৪.০০